# ভারতীয় সংবিধানে স্বীকৃত মৌলিক অধিকারসমূহ

মূল ভারতীয় সংবিধানের তৃতীয় অধ্যায়ে ১২-৩৫নং ধারাগুলিতে ৭ প্রকার মৌলিক অধিকারের উল্লেখ ছিল। যথা: (১) সাম্যের অধিকার, (২) স্বাধীনতার অধিকার, (৩) শোষণের বিরুদ্ধে অধিকার, (৪) ধর্মীয় স্বাধীনতার অধিকার, (৫) সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার, (৬) সম্পত্তির অধিকার, (৭) শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার।

১৯৭৮ সালে ৪৪তম সংবিধান সংশোধনী আইনে সম্পত্তির অধিকারকে মৌলিক অধিকারের অধ্যায় থেকে বাদ দিয়ে একটি সাধারণ অধিকারে পরিণত করা হয়েছে। সুতরাং বর্তমানে ৬ প্রকার মৌলিক অধিকার রয়েছে।

**১ সাম্যের অধিকার (১৪-১৮ নং ধারা)**

> আইনের দৃষ্টিতে সবাই সমান এবং আইন সকলকে সমানভাবে রক্ষা করবে।

> জাতি, ধর্ম, বর্ণ, নারী-পুরুষ, জন্মস্থান প্রভৃতি কারণে রাষ্ট্র কোনো নাগরিকের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করবে না।

> সরকারি চাকরির ক্ষেত্রে যোগ্যতা অনুসারে সকলের সমান অধিকার।

> অস্পৃশ্যতা নিষিদ্ধ এবং আইন অনুসারে দন্ডনীয় অপরাধ।

**২ স্বাধীনতার অধিকার (১৯-২২ নং ধারা)**

> বাক-স্বাধীনতা ও মতামত প্রকাশের অধিকার।

> শান্তিপূর্ণ ও নিরস্ত্রভাবে সমবেত হওয়ার অধিকার।

> সংঘ ও সমিতি গঠনের অধিকার।

> ভারতের সর্বত্র স্বাধীনভাবে চলাফেরা করার অধিকার।

> ভারতের যে-কোনো স্থানে স্বাধীনভাবে বসবাস করার অধিকার।

> যে-কোনো জীবিকা, পেশার বা ব্যাবসাবাণিজ্য করার অধিকার।

> জীবন ও ব্যক্তিগত স্বাধীনতার অধিকার।

**৩ শোষণের বিরুদ্ধে অধিকার (২৩ ও 24 নং ধারা)**

> কোনো ব্যক্তিকে ক্রয়, বিক্রয়করা বা বেগার খাটানো যাবে না।

> চোদ্দো বছরের কমবয়স্ক শিশুদের খনি, কারখানা বা অন্য কোনো বিপজ্জনক কাজে নিযুক্ত করা যাবে না।

**৪ ধর্মীয় স্বাধীনতার অধিকার (২৫-২৮ নং ধারা)**

Scanned by Easy Scanner

> সকল ব্যক্তিই সমানভাবে বিবেকের স্বাধীনতা অনুসারে ধর্মস্বীকার, ধর্মাচরণ এবং ধর্ম প্রচারের স্বাধীনতা ভোগ করবে।

> কোনো বিশেষ ধর্ম বা সম্প্রদায়ের প্রসার বা রক্ষণাবেক্ষণের জন্য কোনো সম্প্রদায় বা ব্যক্তিকে কর দিতে বাধ্য করা যাবে না।

> রাষ্ট্র পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মশিক্ষা সম্পূর্ণ নিষিদ্ধ।

**৫ সাংস্কৃতিক ও শিক্ষা-বিষয়ক অধিকার (২৯ ও ৩০ নং ধারা)**

> সকল শ্রেণির নাগরিক নিজস্ব ভাষা, লিপি ও সংস্কৃতির বিকাশ ও সংরক্ষণ করতে পারবে।

> রাষ্ট্র পরিচালিত বা সরকারি সাহায্যপ্রাপ্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষালাভের ক্ষেত্রে। কোনো ব্যক্তিকে ধর্ম, জাতি বা ভাষার অজুহাতে বঞ্চিত করা যাবে না।

> ধর্ম অথবা ভাষাভিত্তিক সংখ্যালঘু সম্প্রদায়গুলি নিজেদের পছন্দমতো শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করতে পারবে।

**৬ শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার (৩২ এবং ২২৬ নং ধারা)**

> মৌলিক অধিকারগুলি বলবৎ ও কার্যকর করার জন্য নাগরিকরা সুপ্রিমকোর্ট ও হাইকোর্টের। কাছে আবেদন করতে পারবে-প্রয়োজনে বিশেষ লেখ (Writ) জারি করতে পারবে: হেবিয়াস কর্পাস (Habeas Corpus), ম্যান্ডামাস (Mandamus), সারশিওর‍্যারি (Certiorari), প্রহিবিশান (Prohibition) ও কুয়ো-ওয়ারান্টো (Quo-Warranto)।

## মৌলিক কর্তব্য (ভারতীয় সংবিধান, ধারা ৫১-এ)

**১ সংবিধানের প্রতি আনুগত্য, সাংবিধানিক আদর্শ ও প্রতিষ্ঠান, জাতীয় পতাকা ও জাতীয় সংগীত সম্পর্কে শ্রদ্ধাবোধ।**

**২ মহৎ যেসব আদর্শ স্বাধীনতা সংগ্রামে আমাদের উদ্বুদ্ধ করেছে তাদের লালন ও অনুসরণ।**

**৩ ভারতের সার্বভৌমত্ব, ঐক্য ও সংহতি রক্ষা।**

**৪ আহ্বান এলে দেশরক্ষা ও জাতির সেবায় আত্মনিয়োগ করা।**

Scanned by Easy Scanner

৫ ভাষা-ধর্ম-অঞ্চল-শ্রেণি নির্বিশেষে ভারতের জনগণের মধ্যে পারস্পরিক ঐক্যচেতনা ও ভ্রাতৃত্ববোধ উন্মোধন।

৬ দেশের মিশ্র সংস্কৃতির মূল্যবান উত্তরাধিকারের মাহাত্ম্য উপলব্ধি ও সংরক্ষণ।

৭ অরণ্য, হ্রদ, নদনদী, বন্যজীবনসহ প্রাকৃতিক পরিবেশ রক্ষা ও উন্নয়ন এবং প্রাণীজগতের প্রতি সহানুভূতি পোষণ।

৮ বিজ্ঞানমনস্কতা, মানবতাবাদ, অনুসন্ধান ও সংস্কারের বিকাশ।

৯ সরকারি সম্পত্তি রক্ষা করা ও হিংসা পরিহার করা।

১০ জাতি যাতে নিয়ত তার কর্মোদ্যম ও সাফল্যের উচ্চতর স্তরে পৌঁছাতে পারে, জীবনের সর্বক্ষেত্রে ব্যক্তিগত ও সমবেত প্রয়াসে উৎকর্ষের সেই লক্ষ্যে পৌঁছানোর প্রচেষ্টা।

১১ পিতা-মাতা/অভিভাবকের দায়িত্ব ৬-১৪ বছর বয়স্ক শিশুদের শিক্ষার সুযোগের ব্যবস্থা করা।

Scanned by Easy Scanner